

“বিভূতি”

সম্মানিত নগরবাসী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নিবেন। আগামী ১১ই জানুয়ারী রোজ শনিবার ২০২০ খ্রিস্টাব্দ সারা দেশব্যাপী অনুষ্ঠিতব্য জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন কার্যক্রমের অংশ হিসেবে সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত নগরের ৩৪০ টি স্থায়ী কেন্দ্র সহ বিভিন্ন বাস-স্ট্যান্ড, লঞ্চঘাট ও ট্রেন স্টেশনে ৬-১১ মাস বয়সী শিশুদের ১ টি নীল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল এবং ১ বছর থেকে ৫৯ মাস বয়সী শিশুদের ১টি লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে। পাশাপাশি বিভিন্ন পুষ্টিবার্তা প্রদান করা হবে। জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনে আপনাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহন কামনা করছি।

শুভেচ্ছান্তে

এ.এফ.এম. এহতেশামুল হক
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন